



‘হ্যাঁ’ ভোটেই নতুন বাংলাদেশের পথ খুলবে: প্রধান উপদেষ্টা



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের দিন অনুষ্ঠিতব্য গণভোটে ‘হ্যাঁ’তে ভোট দেওয়ার আহ্বান জানিয়েছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। তিনি বলেন, রাষ্ট্রকে নাগরিকদের প্রত্যাশা অনুযায়ী গড়ে তুলতে এই গণভোটে সক্রিয় অংশগ্রহণ জরুরি।

সোমবার (১৯ জানুয়ারি) সন্ধ্যায় জাতির উদ্দেশে দেওয়া ভাষণে তিনি বলেন, ‘হ্যাঁ’তে সিল দিলে একটি নতুন বাংলাদেশের সূচনা হবে। নিজে ভোট দিন, অন্যদেরও উৎসাহিত করুন এবং সবাইকে ভোটকেন্দ্রে আসতে সহায়তা করুন—দেশের পরিবর্তনে ভূমিকা রাখুন।

প্রধান উপদেষ্টা আরও বলেন, জুলাই গণঅভ্যুত্থান ছিল জাতির ইতিহাসে একটি ব্যতিক্রমী অধ্যায়। এই আন্দোলন গণতন্ত্র, ন্যায়বিচার ও নাগরিক অধিকার প্রতিষ্ঠার নতুন সুযোগ তৈরি করেছে। সেই লক্ষ্যকে সামনে রেখে ইতোমধ্যে বিভিন্ন সংস্কার কার্যক্রম শুরু হয়েছে বলেও তিনি উল্লেখ করেন।

তিনি জানান, আগামী ১২ ফেব্রুয়ারি জাতীয় সংসদ নির্বাচনের দিনই গণভোট অনুষ্ঠিত হবে। গণভোটে ‘হ্যাঁ’ ভোটের মাধ্যমে বৈষম্য, শোষণ ও নিপীড়নমুক্ত বাংলাদেশ গঠনের পথ আরও সুদৃঢ় হবে।